

নোবিপ্রবির প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

নোয়াখালী প্রতিনিধি

১৬ জুলাই ২০১৯ ০০:০০ | আপডেট: ১৬ জুলাই ২০১৯ ০০:১৫

নানা আয়োজনের মধ্য দিয়ে উৎসবমুখর পরিবেশে

গতকাল নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) প্রতিষ্ঠাবার্ষিকী ও বিশ্ববিদ্যালয় দিবস ২০১৯ উদযাপন করা হয়েছে। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ক্যাম্পাসে নানা কর্মসূচি গ্রহণ করা হয়েছে। ক্যাম্পাসকে সাজানো হয় মনোরম পরিবেশে। বিশ্ববিদ্যালয়ের হলসহ একাডেমিক ও প্রশাসনিক ভবনে আলোকসজ্জা করা হয়। গুরুত্বপূর্ণ ভবনগুলোয় ব্যানার ও ফেস্টুন টাঙানো হয়।

পায়রা ও বেলুন উড়িয়ে বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করেন স্থানীয় এমপি একরামুল করিম চৌধুরী ও নোবিপ্রবি উপাচার্য প্রফেসর ড. মো. দিদার-উল-আলম, সাবেক উপাচার্য প্রফেসর একেএম সাঈদুল হক চৌধুরী, সাবেক উপাচার্য প্রফেসর ড. মো. আবুল হোসেন, পুলিশ সুপার মো. আলমগীর হোসেন, কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোহাম্মদ ফারুক উদ্দিন ও রেজিস্ট্রার প্রফেসর মো. মমিনুল হক। পরে বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রা বের করা হয়।

advertisement